

কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ

KPB SCHOOL & COLLEGE

Online Assignment-2020

৫ম শ্রেণি

বিষয়ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়ঃ ২ঘন্টা

পূর্ণমানঃ ৫০

১। কাঠামোবদ্ধ প্রশ্ন (যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও)

৫×৬ = ৩০

(ক) মুক্তিযুদ্ধ কী ? মুক্তিবাহিনী কেন গঠন করা হয় ? মুক্তিবাহিনীর চারটি কাজ লেখ ।

১+১+৪ = ৬

(খ) সিরাজ-উদ-দৌলা কত বছর বয়সে নবাব হন ? নবাব সিরাজ-উদ-দৌলা পলাশি যুদ্ধে পরাজিত হয়েছিলেন

কেন ? পলাশি যুদ্ধের চারটি ফলাফল লেখ ।

১+১+৪ = ৬

(গ) বর্তমানে বাংলাদেশ বিশ্বের একটি উন্নয়নশীল রাষ্ট্র হওয়ায় নানাবিধ সমস্যা রয়েছে । এদেশের প্রধান সমস্যা কী ?

সমাজে কীসের উপর এ সমস্যার প্রভাব পড়ে? অতিরিক্ত জনসংখ্যার ফলে পরিবেশের ক্ষতিকর চারটি প্রভাব লেখ ।

১+১+৪ = ৬

(ঘ) মানুষ সুস্থ ও সুন্দরভাবে বেঁচে থাকার জন্য যে অধিকার প্রয়োজন, সে অধিকারকে কী বলে ? এ ধরনের অধিকার

প্রয়োজন কেন ? শিশুশ্রমের ক্ষতিকর চারটি দিক লেখ ।

১+১+৪ = ৬

(ঙ) আন্তর্জাতিক নারী দিবস কবে পালন করা হয় ? নারী শিক্ষা প্রয়োজন কেন?

নারী শিক্ষায় বেগম রোকেয়ার চারটি অবদান লেখ ।

১+১+৪ = ৬

(চ) গণতন্ত্র কী? পরিবারে গণতন্ত্র চর্চা প্রয়োজন কেন ? পরিবারে গণতন্ত্র চর্চার চারটি সুবিধা লেখ ।

১+১+৪ = ৬

২। সংক্ষিপ্ত প্রশ্ন (১০ টি প্রশ্নের উত্তর লিখতে হবে)

১০× ২ = ২০

(ক) পাহাড়পুর কোথায় অবস্থিত ?

(খ) লোকশিল্প জাদুঘর কে প্রতিষ্ঠা করেন ?

(গ) নরসিংদী জেলার কোন দুটি গ্রামে মৌর্য আমলের নিদর্শন পাওয়া গেছে ?

(ঘ) বিশ্বে সিলেটে উৎপাদিত একটি দ্রব্যের বিশেষ সুনাম রয়েছে । দ্রব্যটির নাম কী ?

(ঙ) সামির সাহেব বেত ও বাঁশ দিয়ে বিভিন্ন জিনিস তৈরী করেন । তার কাজ কোন শিল্পের অন্তর্ভুক্ত ?

(চ) অর্থকরী ফসল কাকে বলে ?

(ছ) দুর্যোগের দুটি মানবসৃষ্ট কারণ উল্লেখ কর ।

(জ) রাকিব বনভূমি কেটে বসবাসের জন্য পরিষ্কার করেন । এর ফলে কী ঘটতে পারে?

(ঝ) জাতিসংঘের প্রশাসনিক শাখার নাম লেখ ।

(ঞ) জাতিসংঘের চারটি উন্নয়নমূলক সংস্থার নাম লেখ ।

বিঃ দ্রঃ প্রশ্নপত্রের যে কোন সমস্যায় বিষয় শিক্ষকের সঙ্গে যোগাযোগ করা যাবে ।